



# বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৮৮-০২২২৩৩৮৭৯৭৫, ফ্যাক্স : ৮৮-০২২২৩৩৮৪৬৩২

ই-মেইল : [wpartymail@gmail.com](mailto:wpartymail@gmail.com) [www.wpb71.org](http://www.wpb71.org)

২১ অক্টোবর ২০২১

## প্রেস বিজ্ঞপ্তি

### এমিরেটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরীর বিরুদ্ধে হয়রানিমূলক মামলা অবিলম্বে প্রত্যাহার করুন

.....বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি সভাপতি কমরেড রাশেদ খান মেনন এমপি ও সাধারণ সম্পাদক কমরেড ফজলে হোসেন বাদশা এমপি আজ এক বিবৃতিতে দেশবরেণ্য শিক্ষাবিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমিরেটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরীসহ তিন জন লেখকের বিরুদ্ধে হয়রানিমূলক মিথ্যা মামলা দায়ের করার তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, বরেণ্য ব্যক্তিবর্গ, লেখকদের নামে মামলা মুক্তবুদ্ধি, চিন্তা ও বাক স্বাধীনতার ওপর ন্যাক্কারজনক ঘটনার সামিল। নেতৃবৃন্দ বলেন, দেশে যে মুহূর্তে উগ্র সাম্প্রদায়িক শক্তির তাণ্ডব চলছে, প্রশাসন দাঙ্গা ও হামলাকারীদের চিহ্নিত করতে ব্যর্থ সেই মুহূর্তে এধরনের ঘটনা সুদূর প্রসারি চক্রান্তের সামিল। এ ধরনের ঘটনা প্রতিক্রিয়াশীল ধর্মান্ত অপশক্তিকেই উৎসাহিত করবে। তারা আরোও বলেন, ৬ বছরের পুরানো কোন লেখাকে কেন্দ্র করে এই মামলা দুরভিসন্ধি সামিল।

বিবৃতিতে নেতৃবৃন্দ অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরীসহ ৩ জনের বিরুদ্ধে দায়েরকৃত হয়রানিমূলক মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

(কামরুল আহসান)